

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন ১ শাখা
www.mopa.gov.bd

নং- ০৫.০০.০০০০.০০০.১১০.৯৯.০০০৯.২৬.৩৬৭

তারিখ: ১৫ চৈত্র ১৪৩২
২৯ মার্চ ২০২৬

বিষয়ঃ সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের সকাল ৯:০০টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত নিজ অফিস কক্ষে আবশ্যিকভাবে অবস্থান, বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় এবং অফিস কক্ষ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: ১। ০৪.০০.০০০০.০০০.৫১৩.১৮.০০০১.২৬.৭০, তারিখ: ০২ মার্চ ২০২৬ খ্রি.

২। ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০৬.২৫.১২৩, তারিখ: ০৫ মার্চ ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইতঃপূর্বে মন্ত্রিপরিষদ বিভাগ হতে সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের ৯:০০টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত নিজ অফিস কক্ষে আবশ্যিকভাবে অবস্থান এবং বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়সহ দায়িত্বশীল আচরণ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার লক্ষ্যে নির্দেশনা প্রদান করা হয়। প্রদত্ত নির্দেশনাসমূহ প্রতিপালন অত্যন্ত গুরুত্বপূর্ণ হলেও এর ব্যত্যয় পরিলক্ষিত হচ্ছে। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগের সূত্রোক্ত পত্রদ্বয় অনুসরণপূর্বক নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- প্রতিদিন সকাল ৯:০০টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত নিজ অফিস কক্ষে আবশ্যিকভাবে অবস্থান করতে হবে। দাপ্তরিক কর্মসূচি প্রণয়নের ক্ষেত্রেও উক্ত সময়সীমা যাতে বিঘ্নিত না হয়, সে বিষয়ে সতর্ক থাকতে হবে;
- দিনের বেলায় পর্যাপ্ত প্রাকৃতিক আলো থাকলে বৈদ্যুতিক বাতি ব্যবহারে সাশ্রয়ী হতে হবে এবং জানালা ও দরজা কিংবা ব্লাইন্ড খোলা রেখে প্রাকৃতিক আলো ব্যবহার করতে হবে;
- অফিস চলাকালীন শুধুমাত্র প্রয়োজনীয় সংখ্যক লাইট, ফ্যান, এয়ার কন্ডিশনার ও অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহার করতে হবে;
- এয়ার কন্ডিশনার ব্যবহারের ক্ষেত্রে তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে রাখতে হবে;
- অফিস কক্ষ ত্যাগ করার সময় কক্ষের বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ সকল বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধ করতে হবে;
- অফিসের করিডোর, সিঁড়ি, ওয়াশরুম ইত্যাদি স্থানে অপ্রয়োজনীয় বাতি ব্যবহার বন্ধ করতে হবে;
- অফিস সময় শেষ হওয়ার পর সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি (লাইট, ফ্যান, কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, এয়ার কন্ডিশনার ইত্যাদি) বন্ধ নিশ্চিত করতে হবে;
- সরকারি নির্দেশনা ব্যতিরেকে আলোকসজ্জা পরিহার করতে হবে;

- জ্বালানি ব্যবহারে সশয়ী হতে হবে;
- অফিস কক্ষ, করিডোর, টয়লেট, সিঁড়ি, সিঁড়ির হাতল ইত্যাদি নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং
- উক্ত নির্দেশনা প্রতিপালন/মনিটরিং এর জন্য সকল দপ্তর/সংস্থা/কার্যালয়কে ডিজিটাল টিম গঠন করতে হবে।

শরিফুল ইসলাম
উপসচিব
৫৫১০০২১৮

adminint@mopa.gov.bd

-০২-

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা প্রধান (সকল)
২. অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন/ বিধি/ শৃঙ্খলা ও তদন্ত/ এপিডি/ সওবা/ সিপিটি/ আইন/ সংস্কার ও গবেষণা অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়
৪. বিভাগীয় কমিশনার (সকল)
৫. যুগ্মসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়
৬. জেলা প্রশাসক (সকল)
৭. উপসচিব (সকল) জনপ্রশাসন মন্ত্রণালয়
৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয়
৯. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০. সিনিয়র সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১১. সিনিয়র সচিব/সমমানের কর্মকর্তা জনপ্রশাসন মন্ত্রণালয়

১০. উপজেলা নির্বাহী অফিসার (সকল)
১১. উপজেলা নির্বাহী অফিসার (সকল)
১৩. সহকারী সচিব/সমমানের কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়
১৪. প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা/সমমানের কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়
১৫. ১১-২০তম গ্রেডের সকল কর্মচারী, জনপ্রশাসন মন্ত্রণালয়

নং- ০৫.০০.০০০০.০০০.১১০.৯৯.০০০৯.২৬.৩৬৭/১(৪)

তারিখ: ১৫ চৈত্র ১৪৩২
২৯ মার্চ ২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৩. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
৪. অফিস কপি।

শরিফুল ইসলাম
উপসচিব
১৫ চৈত্র ১৪৩২



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
বগুড়া
সংস্থাপন শাখা
www.bogura.gov.bd

স্মারক নম্বর: ০৫.৫০.১০০০.০০০.০০৭.২৮.০০০১.২২.১৭১

তারিখ: ১৮ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০১ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের সকাল ৯.০০ টা থেকে ৯.৪০ মিনিট পর্যন্ত নিজ অফিস কক্ষে আবশ্যিকভাবে অবস্থান,
বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় এবং অফিস কক্ষ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পত্রের নির্দেশনা অনুযায়ী তাঁর কার্যালয়ে ভিজিট্যান্স টিম গঠনপূর্বক এ
অফিসকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১-০৪-২০২৬

মোঃ মেজবাবুল করিম

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বগুড়া

ফোন : ০২৫৮৯৯০০০২২

ইমেইল : dcbogra.adcg@gmail.com

বিতরণ :

- ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া এবং
- ২। সহকারী কমিশনার (ভূমি) (সকল), বগুড়া।


স্মারক নম্বর: ০৫.৫০.১০০০.০০০.০০৭.২৮.০০০১.২২.১৭১/১ (৪)

তারিখ: ১৮ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০১ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (সকল), বগুড়া।
- ৩। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া (ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ) এবং

৪। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



A handwritten signature in black ink, appearing to be 'মেজবাবুল করিম'.

০১-০৪-২০২৬

মোঃ মেজবাবুল করিম

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বগুড়া